UNICORN
COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয় কার্টিজ রিফিল করা হয়।
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 07 ❑ Issue 48 ❑ 15 Feb., 2024 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

## ইকোট্যুরিজম্ পার্কের শিলান্যাস

### কর্ম সংস্থানের আশায় নীল-গাঁথার অধিবাসীবৃন্দ

প্রতিনিধি ঃ নীল চাষের করুণ কাহিনীর ইতিহাস বনগাঁর মোল্লাহাটি গ্রাম আজও বহন করে চলেছে। দীনবন্ধু মিত্রের



নীলদর্পণ নাটকে নীলকর সাহেবদের অত্যাচারের সেই কাহিনী ফুটে উঠেছিল। নীল চাষ থেকে ইংরেজদের অত্যাচারের কাহিনী বনগাঁর মোল্লাহাটির আনাচে-কানাচে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। সেইসব ধ্বংসাবশেষ দেখতে বহু পর্যটক ভিড় করে। এবার সেই মোল্লাহাঁটিতে সাধারণ মানুষের জন্য ট্যুরিজমের ব্যবস্থা করল রাজ্য সরকার। সোমবার মোল্লাহাঁটিতে ইকো ট্যুরিজম পার্কের শিলান্যাস করেন বাগদার বিধায়ক বিশ্বজিৎ দাস। বিশ্বজিৎ বাবু বলেন, বনগাঁ পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে এই ব্যবস্থা করা হচ্ছে। ইতিমধ্যে ১ কোটি ২৫ লক্ষ টাকা দিয়ে কাজ শুরু করা হয়েছে। আগামীতে আড়াই থেকে তিন কোটি টাকা অর্থ ব্যয় করে কাজটি সম্পন্ন করা হবে। পঞ্চায়েত সমিতি সূত্রে জানা গিয়েছে, নীল চাষের চৌবাচ্চার ধ্বংসাবশেষ, প্রাচীন পিলার প্রাচীরগুলি নতুন করে সংরক্ষণ করা হবে। কয়েক বিঘা জায়গার উপর থাকবে পিকনিক স্পট। দেশ-বিদেশের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ মোল্লাহাঁটিতে এসে ভিড় করে। সেখানে থাকা ও ঘোরার জন্য সমস্যায় পড়তে হয় এখানে ঘুরতে আসা মানুষদের। এখানে থাকবে পর্যটকদের থাকার ব্যবস্থা। এর ফলে এলাকায় ব্যবসা-বাণিজ্য বাড়বে, হবে কর্মসংস্থান। ইকো ট্যুরিজম পার্কের শিলান্যাসের খবরে খুশি পর্যটকেরা। বুধবার শিক্ষক সুদীপ্ত রায় বলেন, এতে সুবিধা হল। ছাত্র-ছাত্রীদের নিয়ে ওই এলাকায় শিক্ষামূলক ভ্রমণও চলবে এবার। এক স্থানীয় বাসিন্দার কথায়, 'মোল্লা হাঁটিতে বেশিরভাগই আদিবাসী সম্প্রদায়ের মানুষ বাস করে। পিছিয়ে পড়া শ্রেণীর মানুষ। আর্থিকভাবে অনেকটা পিছিয়ে রয়েছে। ইকো ট্যুরিজম পার্ক হলে এলাকার মানুষের আর্থিক উন্নয়ন ঘটবে।

## বাংলাদেশীদের ভারতীয় রেশনকার্ডে রেশন তোলার অভিযোগ; আইনি পদক্ষেপের পথে সংশ্লিষ্ট দপ্তর

প্রতিনিধি ঃ দু'বছর ধরে দুই দাদা বাংলাদেশে রয়েছে। অথচ তাদের দুজনের ভারতীয় রেশন কার্ড রয়েছে। দাদারা এখানে না থাকা সত্ত্বেও তাদের নামে থাকা দুটি রেশন কার্ড দিয়ে নিয়মিত রেশন তুলছিলেন ভাই। বিষয়টি জানাজানি হতেই খাদ্য দপ্তরের পক্ষ থেকে কার্ড দুটি বাতিল করা হয়েছে। ঘটনাটি ঘটেছে গাইঘাটার দোগাছিয়া এলাকায়। গাইঘাটার ফুড ইন্সপেক্টর সঞ্জীব চক্রবর্তী বলেন, 'ভাই লিখিতভাবে আমাদেরকে জানিয়েছেন, তার দাদারা দু বছর ধরে বাংলাদেশে থাকা সত্ত্বেও তিনি তাদের রেশন কার্ড ব্যবহার করে খাদ্য সামগ্রী তুলেছেন। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

গাইঘাটার দোগাছিয়া এলাকার বাসিন্দা অনিমেষ মন্ডলের দুই দাদা মনিলাল মন্ডল ও সুকান্ত মন্ডল কয়েক বছর আগে এখানে থাকতেন। তখনই তাঁরা রেশন কার্ড তৈরি করেন। অনিমেষ বলেন, দু'বছর ধরে দাদারা বাংলাদেশে রয়েছেন। যখন রেশন কার্ড তৈরি হয় তখন তাঁরা এখানেই ছিলেন। তাদের কার্ডে যে মাল তোলাটা অন্যায় সেটা আমি জানতাম না।' খাদ্য দপ্তরের পক্ষ থেকে বিরুদ্ধে আইনি পদক্ষেপ করার চিন্তাভাবনা শুরু হয়েছে।

## নাবালিকা ধর্ষণে অভিযুক্তর শাস্তির দাবিতে সোচ্চার পরিবার, নির্যাতিতা পরিবারের পাশে দাঁড়ালো আক্রান্ত আমরা সংগঠনের সদস্যরা

প্রতিনিধি ঃ নাবালিকা ধর্ষণে অভিযুক্ত বর্তমানে জামিনে মুক্ত হয়ে জেলের বাইরে রয়েছে। প্রতিবেশী অভিযুক্ত অভিযোগ তুলে নেওয়ার জন্য চাপ সৃষ্টি করছে নাবালিকার পরিবারের উপর। এমনই অভিযোগে আতঙ্কগ্রস্থ পরিবারের পাশে দাঁড়ালো আক্রান্ত আমরা সংগঠনের সদস্যরা, মঙ্গলবার দুপুরে সংগঠনের সদস্যরা গাইঘাটা এলাকার ওই নাবালিকার বাড়িতে যান। সংগঠনের পক্ষে অম্বিকেশ মহাপাত্র বলেন 'পরিবার আতঙ্কের মধ্যে রয়েছে।

চতুর্থ পাতায়...

## দ্বিতীয়বার সাংসদ হবেন শান্তনু ঠাকুর

প্রতিনিধি ঃ আর কয়েক মাস পরে লোকসভা নির্বাচন, তার আগেই ঠাকুরনগরে এসে সংসদ তথা কেন্দ্রীয় প্রতি মন্ত্রী শান্তনু ঠাকুর দ্বিতীয় বার সাংসদ হবেন বলে দাবি করলেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম প্রতিমন্ত্রী রামেশ্বর তেলী।

বৃহস্পতিবার ঠাকুরনগরে মতুয়া ঠাকুর বাড়িতে একটি কমিউনিটি কিচেনের শিলান্যাস করতে এসেছিলেন কেন্দ্রীয় মন্ত্রী। শিলান্যাস করার পর তিনি জানান, 'ঠাকুরবাড়িতে আসা লক্ষ লক্ষ মতুয়া ভক্তদের কথা চিন্তা করে গ্যাস অথরিটি অফ ইন্ডিয়া বা গেইলের কাছে আমরা সরকারি তরফে এই কিচেন কমিউনিটি সেন্টারের আবেদন জানিয়েছিলাম। সেই আবেদনে সাড়া দেয় গেইল। কমিউনিটি কিচেনটি তৈরি করতে ৬ কোটি টাকা খরচ হবে। তিন তলা বিশিষ্ট এই কিচেনের সঙ্গে ৫০০ লোক বসে খাওয়া দাওয়া করতে পারবেন। পাশাপাশি তিনি এদিন দাবি

দ্বিতীয় পাতায়...

ঋতু মেঘা হোটেল এবং রেস্টুরেন্ট
আবাসিক।। শীততাপ (AC) নিয়ন্ত্রিত।
এখানে চাইনিজ ফুড সহ বিভিন্ন খাবারের ব্যবস্থা রয়েছে।
২৪ ঘন্টাই খোলা



চাঁদপাড়া দেবীপুরস্থিত যশোর রোড সংলগ্ন কৃষি মান্ডির পাশে।
চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ভারত।
Shifting Time সকাল ১০টা থেকে পরের দিন সকাল ১০টা।
যোগাযোগ: 9332224120, 6295316907, 8158065679

## সিসি ক্যামেরার কানেকশনের পরিবর্তে ডিসপ্লের কানেকশন কাটল চোর, ধৃত

প্রতিনিধি ঃ চুরি করতে এসে সিসি ক্যামেরার সংযোগ কেটে স্কুল থেকে টাকা, পয়সা, মিড-ডে মিলের সামগ্রী ঘন্টা নিয়ে পালালো চোর। যাবার পথে সিসি ক্যামেরাও নিয়ে গেল। সিসি ক্যামেরার কানেকশন কাটতে গিয়ে কাটল ডিসপ্লের কানেকশন। সিসিটিভিতে রেকর্ড হল পুরো চুরির ভিডিও। বনগাঁ থানার গাঁড়াপোতা গ্রাম পঞ্চায়েতের কেউটিপাড়া জেএন রাই হাই স্কুলে এমন চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। সিসি ক্যামেরার ফুটেজ দেখে হতভম্ব হয়ে রইল স্কুলের শিক্ষকেরা। সোমবার স্কুলে এসে সমস্ত কিছু লণ্ডভণ্ড দেখে থানায় খবর দেয় শিক্ষকেরা। পুলিশ এসে সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখেন।

স্কুলের এক শিক্ষক জানিয়েছেন, 'আমরা স্কুলে এসে দেখি স্কুলের সিসিটিভি নেই, লকার খোলা। শিক্ষক বিকাশ রঞ্জন বিশ্বাস জানিয়েছেন, 'আলমারি ভেঙে সরস্বতী পুজোর জন্য রাখা কিছু টাকা, মিড-ডে মিলের তেল, ডাল, মসলা ও স্কুলের ঘন্টা, একটি সিসিটিভি ক্যামেরা নিয়ে গিয়েছে চোর। সিসি টিভি পরীক্ষা করতেই দেখা যাচ্ছে অল্প বয়সী এক যুবক গত শনিবার রাত আটটার সময় লকার খুলছে। সিসিটিভির কানেকশন কাটার চেষ্টা করছে। লকার খুলছে, খাতা পত্র উল্টাচ্ছে। স্থানীয় এক বাসিন্দার কথায়, 'চোর নিজেকে গোপন রাখতে সিসি টিভির ক্যামেরার কানেকশন কাটতে গিয়ে ভুল করে ডিসপ্লের কানেকশন কেটেছে। তাই চুরির ঘটনা ভিডিও বন্দি হয়েছে সিসিটিভিতে। স্কুল পরিচালন সমিতির সদস্য সমীর হালদার বলেন, 'রড ভেঙে স্কুলে ঢুকে চুরির ঘটনা ঘটেছে। মালপত্র সিসি ক্যামেরা নিয়ে গিয়েছে চোর। প্রশাসনকে জানিয়েছি। প্রশাসন নিশ্চয়ই চুরির সামগ্রী উদ্ধার করবে।

## গোপনাঙ্গের মধ্যে সোনা পাচার, ধৃত

প্রতিনিধি ঃ কখনো হাতের চুড়ির আকারে, কখনো শরীরের বিশেষ অংশে লুকিয়ে আর কখনো যাত্রীর ছদ্মবেশে মালপত্রের সঙ্গে লুকিয়ে পাচার হচ্ছে সোনা। প্রায়ই ভারত-বাংলাদেশের পেট্রাপোল সীমান্তে সোনা সহ বিএসএফের হাতে আটক হচ্ছে মহিলা ও পুরুষ পাচারকারী। ফের পেট্রাপোলে বুধবার যাত্রীর ছদ্মবেশে ভারতে ঢোকার সময় সোনা সহ এক পাচারকারীকে আটক করল বিএসএফ। ধৃতের নাম আবুবক্কর হানিফা জিয়াউদ্দিন। বাড়ি দক্ষিণ ভারতের তামিলনাড়ু। উদ্ধার হয় প্রায় ৮৫০ গ্রাম সোনা। যার বাজার মূল্য আনুমানিক প্রায় ৫৩ লক্ষ টাকা। সিলিন্ডার আকারে ওই সোনা ওই যুবক তার পায়ু ছিদ্রে আটকে নিয়ে এসেছিল ও পেট্রাপোল সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ভারতে ঢোকার সময়

দ্বিতীয় পাতায়...

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৭ ❑ সংখ্যা ৪৮ ❑ ১৫ ফেব্রুয়ারী, ২০২৪ ❑ বৃহস্পতিবার

## ধর্ম ধর্মেই থাক, রাজনীতিতে নয়

জীবজগতে মানুষ হল শ্রেষ্ঠ জীব। কখনো প্রতিকূলতার সঙ্গে সে যুদ্ধ করতে করতে এগিয়েছে আবার কৌশলগত বুদ্ধির প্রয়োগেও কখনো সে এগিয়েছে। এগোনোর পেছনে আছে অনেক রক্তপাত, হিংসা, মারামারি, দলাদলি। আমরা সবাই জানি মানুষের মধ্যে আছে দুটো শক্তি, একটা শুভশক্তি, আর একটা পশুশক্তি বা একটা দেবত্ব শক্তি, অন্যটা আসুরিক শক্তি। এই দুই শক্তির সমন্বয়ে মানুষের মধ্যে নিরন্তর দ্বন্দ্ব।

এদিকে মানুষের সভ্যতা ধীরে ধীরে এগিয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশে, বিভিন্ন সময়ে জন্ম নিয়েছেন অনেক মহৎপ্রাণ মহাপুরুষ। তারা বোঝালেন, মানুষের ধর্ম কী, বেঁচে থাকার সার্থকতা কোথায়!

দেখতে দেখতে জগতে এলো সনাতন হিন্দু ধর্ম, বৌদ্ধ ধর্ম, জৈন ধর্ম, ইসলাম ধর্ম। সব ধর্মের মূল কথা প্রেম। কিন্তু ধর্মের মূল বাণীটা মানুষ ভুলে গেল। সেখানে এলো ধর্মীয় গোঁড়ামি, হিংসা, মারামারি, কাটাকাটি। এর ফলে আমরা দেখতে পেলাম, ধর্মে ধর্মে, সম্প্রদায়ে সম্প্রদায়ে বাঁধলো সংঘাত। প্রকৃত ধর্মের মূল সত্যকে জানার বদলে প্রকাশ পেল স্বার্থচিন্তা। ফলে মানুষ ভুলে গেল প্রেম ও মৈত্রীর কথা। পরিবর্তে এলো রক্তপাত ও দাঙ্গা। ব্যক্তিগত প্রাপ্তিকে মানুষ বড় করে দেখলো। ধর্মকে মানুষ ক্ষুদ্র স্বার্থসিদ্ধির উপকরণ হিসেবে ব্যবহার করলো। অন্যদিকে কিছু মানুষ রাজনৈতিক উদ্দেশ্য সাধনের হাতিয়ার করলো।

আসলে একটা কথা বুঝতে হবে ঠান্ডা মাথায়, মানুষ কিন্তু মানব ধর্মের দিকে তপস্যা করতে বলছে, সেখানেই মানুষ সর্বজনীন। তাই তো মানুষ নিজের আত্মার মধ্যে অন্যের আত্মাকে, অন্যের আত্মার মধ্যে নিজের আত্মাকে জানে। যে জানে, সেই সত্যকে জানে। এই সত্যই হলো মানবধর্ম। এজন্যই 'সবার উপর মানুষ সত্য, তাহার উপরে নাই।' এই ধর্মে রয়েছে অপার ধৈর্যশক্তি, মানুষের প্রতি অকৃত্রিম ভালবাসা। যে ধর্মের মধ্যে সহনশীলতা আছে, শান্তির কথা আছে, সেই ধর্মই মানুষের ধর্ম। এই ধর্মেই একমাত্র মানুষ নির্মল নিঃশ্বাস পেতে পারে।

## ইমন এর নাটকে মূকাভিনয় বিষয়ক কর্মশালা

সঞ্জিত সাহা ঃ ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অর্থানুকুল্যে ও মছলন্দপুরের ইমন মাইম সেন্টারের উদ্যোগে গত ১১ ফেব্রুয়ারি সারাদিন ব্যাপি নাটকে মূকাভিনয় শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। সংস্থার পদাতিক মঞ্চে অনুষ্ঠিত এদিনের কর্মশালায় ১৫ বৎসর অবধি এবং ১৫ বৎসরের উর্ধ্বে বয়সভেদে দুটি বিভাগে মোট ৭৬ জন প্রশিক্ষনার্থী অংশ গ্রহন করেন। কর্মশালায় প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট মূকাভিনেতা বৈদ্যনাথ চক্রবর্তী, মুকুল দেব, রনেন চক্রবর্তী এবং নাটকের বিষয়ে প্রশিক্ষন প্রদান করেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব ও অভিনেতা জীবন অধিকারী। শিবিরের পরিচালক ছিলেন প্রখ্যাত মূকাভিনেতা ও ইমন মাইম সেন্টারের কর্নধার ধীরাজ হাওলাদার। বিশিষ্ট প্রশিক্ষকগন কর্মশালায় অংশগ্রহনকারী শিক্ষার্থীগনকে বিভিন্ন শারীরিক ও মানসিক অনুশীলন এবং সেই সঙ্গে থিয়েটার শেখার বিভিন্ন উপায়, তাৎক্ষনিক অভিব্যক্তি ও অভিনয় ইত্যাদি অনুশীলনের মাধ্যমে মূকাভিনয়ের প্রয়োগ সম্পর্কে ধারনা দেবার চেষ্টা করেন। এদিনের কর্মশালাকে ঘিরে উপস্থিত প্রশিক্ষনার্থীগনের মধ্যে বেশ উৎসাহ ও আগ্রহ চোখে পড়ে। কর্মশালা শেষে সকলকে শংসাপত্র প্রদান করা হয়।



## হাবড়া নাট্য মিলন গোষ্ঠীর প্রজাতন্ত্র দিবস পালন

সংবাদদাতা ঃ শ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠী ৭৫ তম প্রজাতন্ত্র দিবস পালনে ব্রতী হয়েছিল। উক্ত অনুষ্ঠানে মাধুরী ঘোষ, মলয় বিশ্বাস, বিউটি সরদার, আকাশ বণিক, আশিষ কুমার ঘোষ, অজয় সরদার এবং দলের কর্নধার পরিচালক দিলীপ ঘোষ সহ অন্যান্য সদস্য গণ উপস্থিত থেকে সম্পন্ন করেন। আশিষ কুমার ঘোষ এর পতাকা উত্তোলন এর মাধ্যমে অনুষ্ঠান এর শুভ সূচনা হয়, এর পর আশিষ কুমার ঘোষ, মাধুরী ঘোষ, বিউটি সরদার, আকাশ বণিক এর বক্তব্যে ফুটে ওঠে গণতান্ত্রিক অধিকার নিয়ে প্রত্যেকটা মানুষের চলা উচিত এবং সেই কাজে শ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠী সব সময় অগ্রণী ভূমিকা গ্রহণ করবে। সর্বশেষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান এর সমাপ্তি ঘোষণা হয়।




**শহীদ স্মরণ...** কাশ্মীরের পুলওয়ামায় ১৯১৯ সালের ১৪ ফেব্রুয়ারি পাকিস্থানি জঙ্গী বাহিনীর আক্রমনে নিহত দেশের শহীদদের স্মরণে বুধবার চাঁদপাড়া স্টেশন পার্শ্বস্থ রেলবাজারে শহীদ স্মরণ দেশপ্রেমী যুবকদের। এদিন সকালে জাতীয় পতাকা উত্তোলন করে শহীদ তর্পন অনুষ্ঠানের সূচনা করেন প্রশিক্ষক দীপঙ্কর দাস। ছবি ও তথ্য ঃ নীরেশ ভৌমিক

### ভ্রমণ

# কানছা-দার দেশ নেপাল



**অজয় মজুমদার**

**গত সপ্তাহের পর...**

এখান থেকে আমরা গেলাম নগরকোট : এখানে পাহাড়ের একটি টিলা নির্ধারিত করা আছে, সেখান থেকে আকাশ পরিষ্কার থাকলে এভারেস্ট দেখা যায়। এছাড়াও সূর্যাস্তও দেখা যায়। এই জায়গায় বেশি শীত ছিল। এমনিতেই উঁচু জায়গা। ঠান্ডা বাতাসের প্রবাহ চলছিল। একখন্ড মেঘ সূর্যকে ঢেকে থাকায় সূর্যাস্ত দেখা গেল না। অনেকক্ষণ ধরে এভারেস্ট দেখার চেষ্টা করেও দেখা মিলল না। অবশেষে আমাদের ফিরে আসতে হল। এত ঠান্ডা, গাড়িতে বসার পর ড্রাইভার গরম হাওয়া চালিয়ে দিল কিছুক্ষণের জন্য।

নেপালের প্রধান নদীর নাম গন্ডকী। নারায়ণী বা গণ্ডকী বলেও পরিচিত। নেপালের বৃহত্তম নদীর নাম কর্ণালী নদী। এই নদী আবার ঘাঘড়া নদী নামেও পরিচিত। এটি একটি বর্ষব্যাপী জলসম্পন্ন আন্ত সীমান্ত নদী। এটি নেপালের দীর্ঘতম নদী। পূর্ব থেকে পশ্চিম নেপালের নদীগুলির তালিকা—

কানকাই নদীর অববাহিকা।
কোশি নদীর অববাহিকা।
বাগমতি নদীর অববাহিকা।
গণ্ডকী নদীর অববাহিকা।
পশ্চিম রাপ্তি অববাহিকা।
বাবাই নদীর অববাহিকা।
কর্ণালী নদীর অববাহিকা। এবং
মহাকাল নদীর অববাহিকা।
অন্যান্য ক্ষুদ্র নদীর অববাহিকা।


নেপালের অঞ্চল সমূহ : অঞ্চল সেতী নদী থেকে নামকরণ হয়েছে। মহাকালী অঞ্চল, মহাকালী নদী থেকে নামকরণ হয়েছে। নেপালের বিকাশ ক্ষেত্র গুলি নেপালের জেলা গুলির তালিকা।

ধৌলিগিরি অঞ্চল- নেপালে ১৪টি অঞ্চলের একটি। এটি নেপালের পশ্চিম বিকাশ অঞ্চলে অবস্থিত।

বিখ্যাত পর্বতারোহন অঞ্চল- মুক্তিনাথ।

কর্ণালী অঞ্চল- এটি নেপালের মধ্য পশ্চিম বিকাশ অঞ্চলে অবস্থিত। এই অঞ্চলে দরিদ্র শ্রেণীর মানুষের বসবাস।

কোশি অঞ্চল- এই অঞ্চলের অধীনে ছয়টি জেলা রয়েছে। কোশির সদর হল বিরাটনগর।



রাপ্তী অঞ্চল- এটি নেপালের মধ্যে পশ্চিম বিকাশ অঞ্চলে অবস্থিত। রাপ্তী নদীর নামে এই অঞ্চলের নামকরণ।

সেতী অঞ্চল- সেতী অঞ্চলের প্রধান শহর ধনগড়ি, এর সদর দপ্তর হল সিলগাড়ি।

মচি অঞ্চল- এটি নেপালের চারটি জেলা নিয়ে গঠিত। নাম- ইলাম, ঝাপা, পাঁচথর, তাপ্লেজুঙ।

লুম্বিনী অঞ্চল- এখানকার লুম্বিনী শহর গৌতম বুদ্ধের জন্মস্থান। বৌদ্ধধর্মের তীর্থস্থান।

ভেড়ী অঞ্চল- এটি নেপালের মধ্য পশ্চিম বিকাশ অঞ্চলে অবস্থিত।

সগর মাথা অঞ্চল- সিরাহা, উদয়পুর, সেটাঙ, ওখলতুঙ্গা এবং সোলুফুম্বু জেলা নিয়ে সগর মাথা অঞ্চল গঠিত।

জনকপুর অঞ্চল- এটি ছয়টি জেলায় বিভক্ত।

গণ্ডকী অঞ্চল- এটি সপ্ত গণ্ডকী নদীর নামে হয়েছে। পোখরা এই অঞ্চলের সদর দপ্তর।

মহাকালী অঞ্চল- এটি নেপালের সুদূর পশ্চিম বিকাশ অঞ্চলে অবস্থিত।

নারায়নী অঞ্চল- নারায়ণী নদীর নামে এই অঞ্চলের নাম হয়েছে।

বাগমতী অঞ্চল- এই অঞ্চলের অন্তর্গত আটটি জেলা। বাগমতী নদীর নামে এই অঞ্চল।

নেপালের সংরক্ষিত অঞ্চল- সাধারণত নেপালের তরাই অঞ্চলে অবস্থিত।

সুদূর পশ্চিমাঞ্চল বিকাশ ক্ষেত্র- এই অঞ্চলের সদর দপ্তর হচ্ছে দীপায়াল।

নগরকোট থেকে ফিরতে সন্ধ্যা সাড়ে সাতটা বেজে গেল। সবাই যে যার ঘরে চলে গেল। বেশ ঠান্ডা! ঘর থেকে আর বের হতে ইচ্ছা করছে না। তবুও নারায়ণ বাবুর ডাকে পাঁচতলায় চা ও সান্ধ্যাকালীন টিফিনের জন্য যেতে হল। **.... চলবে**

## গোবরডাঙা নাবিক নাট্যমের প্রজাতন্ত্র দিবস পালন

সংবাদদাতা ঃ সম্প্রতি গোবরডাঙা নাবিক নাট্যম পালন করলো প্রজাতন্ত্র দিবস। নিজস্ব মহলা কক্ষের সামনে পতাকা উত্তোলনের মাধ্যমে দিনটির শুভ সূচনা করেন দলের পরিচালক, নাট্যগুরু মাননীয় জীবন অধিকারি মহাশয়। উপস্থিত ছিলেন দলের প্রতিষ্ঠাতা সদস্য মাননীয় প্রদীপ কুমার সাহা মহাশয় ও সোমনাথ রাহা মহাশয়। পতাকা উত্তোলন পর্ব শেষ করে সুভাষ চন্দ্র বসুর ছবিতে মাল্যদান করেন দলের প্রতিষ্ঠাতা সদস্য মাননীয় প্রদীপ কুমার সাহা মহাশয়। উপস্থিত ছিলেন দলের সম্পাদক অনিল কুমার মুখার্জী ও কোষাধ্যক্ষ সুপর্ণা সাধুখা। সংলগ্ন রবীন্দ্র মূর্তিতে মাল্যদান করেন কোষাধ্যক্ষ সুপর্ণা সাধুখা। মাননীয় জীবন অধিকারি মহাশয় ও সোমনাথ রাহা মহাশয় প্রজাতন্ত্র দিবসের গুরুত্ব বিস্তারিত আলোচনা করেন। নাট্য কর্মশালায় ছাত্র, ছাত্রীরা কিছু দেশাত্মবোধক গান, নাচ, কবিতার মাধ্যমে অনুষ্ঠানের গুরুত্ব আরও বাড়িয়ে তোলে। এলাকার বহু মানুষ সামিল হয়েছিলেন নাবিক নাট্যমের এই আয়োজনে। দীর্ঘ সময়ের জন্যে না হলেও এই আয়োজন সম্পূর্ণ রূপে সাফল্য অর্জন করে। এলাকার মানুষের হাতে মিষ্টি বিতরনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## দ্বিতীয়বার সাংসদ হবেন শান্তনু ঠাকুর

প্রথমপাতার পর...

করে বলেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর দ্বিতীয় বার সাংসদ হবেন। যদিও এ বিষয়ে শান্তনু ঠাকুর বলেন, 'দল যদি আমাকে প্রার্থী করে, তাহলে আমি আত্মবিশ্বাসী লড়াই করার জন্য।

এদিন শান্তনু ঠাকুর আরো দাবী করে বলেন, খুব শীঘ্রই দেশে সিএএ কার্যকর হবে। যাদের আধার কার্ড সংক্রান্ত সমস্যা তৈরি হয়েছে। তারা নিশ্চিন্তে থাকুন কোনো অসুবিধা হবে না।

## সোনা পাচার, ধৃত

প্রথমপাতার পর...

তাকে দেখে সন্দেহ হয় জওয়ানদের। ধৃত পাচারকারী ও উদ্ধার হওয়া সোনা পেট্রাপোল শুল্ক দপ্তরের হাতে তুলে দেয় বিএসএফ। অন্যদিকে শরীরের গোপনাঙ্গের মধ্যে সোনার বিস্কুট লুকিয়ে বাংলাদেশ থেকে ভারতে ঢুকে বিএসএফের হাতে আটক হল এক মহিলা যাত্রী। তল্লাশি চালিয়ে জওয়ানেরা তার কাছ থেকে প্রায় ৩০ লক্ষ টাকার সোনার বিস্কুট উদ্ধার করেছে। পেট্রাপোল সীমান্ত এলাকার ঘটনা। বিএসএফ জানিয়েছে, ধৃত মহিলার নাম নাজনীন নাহার। বাড়ি বাংলাদেশের ঢাকা জেলায়। উদ্ধার হওয়ার সোনার ওজন প্রায় ৪৬৬.৫৬০ গ্রাম। মোট চারটি সোনার বিস্কুট উদ্ধার হয়েছে। আনুমানিক ভারতীয় দাম প্রায় ৩০ লক্ষ টাকা। আইসিপি পেট্রাপোলের প্যাসেঞ্জার টার্মিনালে ভারত ও বাংলাদেশের মধ্যে ভ্রমণরত যাত্রীদের রুটিন চেকিং চলে। সোমবার সন্ধ্যায় রুটিন চেকিং এর সময় বিএসএফের ১৪৫ নম্বর ব্যাটেলিয়ানের মহিলারা বাংলাদেশ থেকে ভারতে আসা এক সন্দেহভাজন মহিলা যাত্রীকে থামায়। মহিলা গার্ড এর কাছে থাকা হ্যান্ড হেল্ড মেটাল ডিটেক্টরে (এইচএইচএমডি) মহিলা যাত্রীর শরীরে ধাতব পদার্থের উপস্থিতি নির্দেশ করে। এরপর তল্লাশি চালিয়ে সোনার বিস্কুট গুলি পাওয়া যায়।

## লক্ষ্মীর ভাণ্ডারে অর্থ দ্বিগুন, গাইঘাটায় মিছিল

সংবাদদাতা ঃ লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দেয় অর্থ বৃদ্ধি করেছেন। ৫০০ টাকা থেকে বাড়িয়ে হাজার টাকা এবং তপশিলীদের হাজার টাকা থেকে বাড়িয়ে ১২০০ টাকা করা হয়েছে। লক্ষ্মীর ভাণ্ডারের প্রাপ্য অর্থ যথেষ্ট বৃদ্ধি পাওয়ায় যথেষ্ট খুশি রাজ্যের মা- বোনেরা। মুখ্যমন্ত্রীর এই ঘোষণায় আনন্দিত গাইঘাটার ফুলসরা অঞ্চলে তৃণমূল কংগ্রেসের অনুগামী মহিলাগণ মিছিল এবং বকচরা বাজার সংলগ্ন ময়দানে সভা করেন। সভায় নেত্রীবৃন্দ এই অর্থবৃদ্ধির জন্য মুখ্যমন্ত্রী এবং রাজ্যের তৃণমূল সরকারকে ধান্যবাদ জানান।

# সন্দেশখালি কান্ডের প্রতিবাদে চাঁদপাড়ায় বিজেপি'র পথ অবরোধ

নীরেশ ভৌমিক ঃ বসিরহাট মহকুমার সন্দেশখালিতে মহিলাদের উপর নির্যাতন



এবং নির্যাতন কান্ডের নায়ক শাহজাহান ও তাঁর শাগরেদদের অবিলম্বে গ্রেফতার ও কঠোর সাজার দাবিতে রাজ্য জুড়ে আন্দোলনে নেমেছে বিরোধী বিজেপি সহ অন্যান্য বিরোধী দলের নেতা কর্মীগণ। সন্দেশখালির দিন আনা দিন খাওয়া অসহায় মানুষজনের উপর রাজ্যের শাসক দলের অন্যায় অবিচার ও নির্যাতনের প্রতিবাদে চাঁদপাড়ায় আন্দোলনে নামে স্থানীয় বিজেপি'র নেতা কর্মীগণ।

গত ১১ ফেব্রয়ারি মধ্যাহ্নে বিজেপি জেলা কমিটির সাধারন সম্পাদক ও গাইঘাটার বিজেপি নেতা চন্দ্র কান্ত দাস, বিশ্বজিৎ ঘোষ প্রমুখের নেতৃত্বে দলীয় নেতা কর্মীগণ চাঁদপাড়ায় সড়ক যশোর রোড অবরোধ করেন। বেশ কিছুক্ষণ ধরে অবরোধ চলায় যশোর রোডে তীব্র যানজাট ছড়িয়ে পড়ে। বিজেপি নেতা কর্মীগণ দলীয় পতাকা ফ্লেক্স ফেস্টুন সহ রাস্তায় বসে শাসকদলের বিরুদ্ধে স্লোগান দিতে থাকেন।

পরে গাইঘাটা থানার পুলিশের হস্তক্ষেপে বিজেপি নেতৃত্ব অবরোধ তুলে নিলে জাতীয় সড়কে ধীরে ধীরে যান চলাচল স্বাভাবিক হয়।



**বাণীবন্দনা...** ফি বছরের ন্যায় এবছরও সীমান্তবর্তী শহরের স্কুল, কলেজসহ একাধিক ক্লাব-সংগঠনের মত সাড়ম্বরে বাণীবন্দনায় মেতে উঠলেন বনগাঁ মহকুমা আদালতের ল'ইয়ার্স্ ক্লার্কস্ ফোরামের সদস্যরা। বরাবরের মতই এবারও থিম পুজোর আয়োজন করেছিল তাঁরা। এবারে থিম হিসাবে ছিল 'স্বর্ণতরী'। মণ্ডপ শিল্পী মহিবুল সিদ্দিকী ও ল'ইয়ার্স্ ক্লার্কস্ ফোরামের সদস্যরা কঠোর পরিশ্রম করে তৈরী করেন মণ্ডপ। ফোরামের সদস্যরা জানান, এবারে তাদের পুজো ৯ম বছরে পদার্পন করল। পুজোর দিন প্রায় দেড় হাজার লোকের জন্য ভরপেট খিচুড়ি প্রসাদের ব্যবস্থা করা হয়েছিল। ছবি ও তথ্য ঃ সোমনাথ হালদার।

# ডুমা সমবায়ে কমিটি গড়ল বামেরা

নীরেশ ভৌমিক ঃ দীর্ঘকাল বাদে গত ডিসেম্বরে অনুষ্ঠিত হয় গাইঘাটার ডুমা ইউনিয়ন লার্জ সাইজ প্রাইমারী কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর নির্বাচন। নির্বাচনে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের প্রার্থীদের পরাস্ত করে বিরাট ব্যবধানে জয়লাভ করেন বামফ্রন্টের সিপিএম প্রার্থীগণ। বিজেপি এই নির্বাচনে প্রার্থী না দেওয়ায় বামেদের জয় সহজ হয়। সমস্ত বাধা-বিপত্তি কাটিয়ে জানুয়ারির শেষ সপ্তাহে বিজয়ী বামেরা সমবায়ের নতুন কমিটি গঠন করে। সর্বসম্মত ভাবে এবারও নবগঠিত কমিটির সম্পাদক পদে আসীন হন অবসরপ্রাপ্ত পঞ্চায়েত কর্মী দেব প্রসন্ন মজুমদার (রতন), সভাপতি বর্ষিয়ান দলনেতা বিশ্বনাথ মণ্ডল, সহ-সভাপতি বিবেকানন্দ বিশ্বাস, সদস্য প্রাক্তণ জেলা পরিষদ সদস্যা ও অবসর প্রাপ্ত শিক্ষিকা হরিমতী দাস, অমূল্য সেন, তপন কুমার মণ্ডল, মৃত্যুঞ্জয় সেন, রত্নেশ্বর সুতার, ধীরেন হাজরা, নমিতা বিশ্বাস, অশোক মণ্ডল ও লক্ষ্মণপদ হালদার।

নবগঠিত কমিটির সম্পাদক দেবপ্রসন্নবাবু জানান, সরকারী প্রতিনিধিসহ মোট ১৩জনের কমিটি গঠিত হয়েছে। সর্বসম্মত ভাবে গঠিত নতুন এই কমিটি বিগত বৎসরগুলির ন্যায় এবারও অঞ্চলের কৃষিজীবী মানুষজনের সার্বিক কল্যানে কাজ করে যাবে।

# কলকাতায় ঠাকুরনগর অনুরঞ্জন-এর নাট্যানুষ্ঠান ব্যাপক প্রশংসিত

নীরেশ ভৌমিক ঃ কলকাতার আলিপুরে সম্প্রতি মুক্তাঙ্গন মঞ্চে অহনা আয়োজিত নাট্য উৎসবে নাটক করে এল ঠাকুরনগরের অন্যতম নাট্যদল অনুরঞ্জন। নাট্যোৎসবে মোট ৮খানি নাটক মঞ্চস্থ হয়। অনুরঞ্জন মঞ্চস্থ করে তাদের নাটক 'সেই জোকার এই সার্কাস'। নাটকটিতে শিশুশিল্পীসহ সকল কুশীলবের স্বতঃস্ফূর্ত অভিনয় সমবেত দর্শকসাধারণের উচ্চসিত প্রশংসা লাভ করে।

# পরীক্ষার্থীদের শুভেচ্ছা জ্ঞাপন পঞ্চায়েত সদস্য উত্তম সাহার

নীরেশ ভৌমিক ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রাক্কালে তাঁর নির্বাচনী এলাকার এবারের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীগণকে শুভেচ্ছা জানান চাঁদপাড়া গ্রাম পঞ্চায়েতের সোনাটিকারি গ্রামের নির্বাচিত সদস্য উত্তম সাহা (প্রতীত)। শ্রী সাহা তাঁর বুথের বাসিন্দা সকল পরীক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে ফুল, পেন ও মিষ্টি তুলে দিয়ে শুভেচ্ছা জানান। সেই সঙ্গে তাদের সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন। এলেকার শিক্ষাদরদি মানুষজন পঞ্চায়েত সদস্য উত্তম সাহার এই উদ্যোগকে সাধুবাদ জানান।

# বাণীপুরে সুন্দরম-এর যোগাসনের কর্মশালা

নীরেশ ভৌমিকঃ হাবড়ার বাণীপুরের সুন্দরম ডান্স ইনস্টিটিউশনের উদ্যোগে ও ব্যবস্থাপনায় সম্প্রতি তিনদিনের এক যোগাসনের কর্মশালা অনুষ্ঠিত হয়। সুন্দরম ডান্স ইনস্টিউশনের উদ্যোগে ও ব্যবস্থাপনায় অনুষ্ঠিত কর্মশালায় সংস্থার ৫০জন শিক্ষার্থী অংশগ্রহন করেন। পতঞ্জলী যোগপীঠ এবং যোগাসন ভারত' এর সাথে যুক্ত যোগ শিক্ষক তিমির বরন দে এক অদ্ভূত ছন্দের মাধ্যমে তিনদিন ব্যাপী আয়োজিত কর্মশালায় প্রশিক্ষনার্থীগণকে যোগ প্রশিক্ষন দেন। শিক্ষার্থীদের কয়েকজন অভিভাবকও সুন্দরম আয়োজিত কর্মশালায় অংশ নেন। শুধু নৃত্যের মাধ্যমে নয়, শরীরচর্চা ও নিয়মিত যোগাসনের অভ্যাস চালিয়ে যাবার মাধ্যমেই শরীর ও মন ভালো থাকবে এবং নৃত্যের তাল ও ছন্দ বজায় থাকবে। যোগা প্রশিক্ষক তিমিরবাবু কর্মশালায় উপস্থিত সকল প্রশিক্ষনার্থীগণকে নিয়মিত যোগাসন চর্চা করার পরামর্শ দেন। যোগাসনের এই কর্মশালায় উপস্থিত সকল শিক্ষার্থীদের মধ্যে বেশ উৎসাহ ও আগ্রহ চোখে পড়ে।

# চাঁদপাড়ায় বিজেপি বিধায়কের কম্বল প্রদান

নীরেশ ভৌমিক ঃ প্রচন্ড শীতে যারা প্রয়োজনীয় শীত বস্ত্রের অভাবে খুবই কষ্ট পাচ্ছেন, সেই সমস্ত অসহায় ও দারিদ্র মানুষজনের পাশে এসে দাঁড়ালেন বনগাঁ দক্ষিণের বিজেপি বিধায়ক স্বপন মজুমদার। গত ২৮ জানুয়ারি রাতে স্বপন বাবু সদলবলে চাঁদপাড়া বাজার হয়ে চাঁদপাড়া রেল ষ্টেশনে আসেন। ষ্টেশন এলাকার ও প্ল্যাটফমে শুয়ে থাকা অসহায় মানুষ জনের হাতে শীতবস্ত্র কম্বল তুলে দিয়ে শুভেচ্ছা জানান। এদিনের কম্বল প্রদান অনুষ্ঠানে বিধায়কের সাথে ছিলেন দলনেতা প্রবীর রায়।

# চাঁদপাড়া বালিকার প্রাথমিক বিভাগের সুবর্ণজয়ন্তী উৎসব

নীরেশ ভৌমিক ঃ এলাকার কচিকাঁচাদের শিক্ষার প্রসারে ১৯৭৪ সালে পথ চলা শুরু করেছিল চাঁদপাড়া বালিকা বিদ্যালয়ের প্রাথমিক বিভাগ। শিশু শিক্ষালয়ের ৫০ বৎসর পূর্তি উপলক্ষে গত ১১ ফেব্রুয়ারী



দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করেছিল বিদ্যালয় কর্তৃপক্ষ। এদিন সকালে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, প্রাক্তণ ছাত্র-ছাত্রী ও শিক্ষানুরাগী মানুষজনের এক বর্ণময় শোভাযাত্রা ঠাকুরনগর সড়ক ধরে জাতীয় সড়ক যশোহর রোড হয়ে চাঁদপাড়া বাজারের বিভিন্ন পথ পরিক্রমা করে। ভারতমাতা, দেবী সরস্বতী, লক্ষ্মী, ভগিনী নিবেদিতা, স্বামী বিবেকানন্দের সাজে বিদ্যালয়ের পড়ুয়ারা, মিছিলে কচিকাঁচাদের দেশাত্ববোধক সংগীত ও নৃত্য এবং এনসিসি ক্যাডেটদের কুচকাওয়াজ বেশ আকর্ষনীয় হয়ে ওঠে।

এদিন প্রদীপ প্রোজ্জ্বলন করে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন শিক্ষারত্ন প্রাপ্ত প্রধান শিক্ষক বাবুলাল সরকার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্চি, চাঁদপাড়া গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান বৈশাখী বর, সদস্যা মণিমালা বিশ্বাস, চামেলী বিশ্বাস, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষিকা মুনমুন বিশ্বাস, ভুতপূর্ব প্রধান শিক্ষিকা ঝুমা চক্রবর্তী, শিক্ষক নিখিল মণ্ডল, দেবেশ সরকার, কমল বৈদ্য ও দীপঙ্কর দাস, শিক্ষানুরাগী কপিল ঘোষ, সন্তোষ মৈত্র, চিত্ত বিশ্বাস, শিক্ষিকা মিনতী রায় প্রমুখ। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শিপ্রা সাহা ও পরিচালন সমিতির সভাপতি দ্বিজেন্দ্রনাথ চৌধুরী উপস্থিত সকলকে স্বাগত জানান। সুবর্ণজয়ন্তী বর্ষ উপলক্ষে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আবক্ষ মূর্তির উন্মোচন করেন প্রধান শিক্ষক বাবুলাল সরকার। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা সংগীত, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করে। অনুষ্ঠানে প্রাক্তণ ছাত্রী জি বাংলা খ্যাতা মোহনা ও শ্রেষ্ঠার নৃত্যশৈলী এবং স্থানীয় অঙ্গহার ড্যান্স একাডেমীর নৃত্যানুষ্ঠান সকলের প্রশংসা লাভ করে।

# পশ্চিমবঙ্গ নাট্য মেলায় ঠাকুরনগর পরশ-এর মূকাভিনয়

নীরেশ ভৌমিক ঃ পশ্চিমবঙ্গ নাট্য একাদেমি আয়োজিত নাট্যমেলায় মূকাভিনয় করে এল গাইঘাটা ব্লকের ঠাকুরনগরের পরশ সোস্যাল এণ্ড কালচারাল অর্গানাইজেশন এর সদস্যরা। সম্প্রতি কলকাতার তৃপ্তি মিত্র নাট্যগৃহে আয়োজিত নাট্যমেলায় পরশ সংস্থার কুশীলবগণ সংস্থার কর্ণধার শাশ্বত বিশ্বাস, নির্দেশনায় সংস্থার সদস্য মূকাভিনয় শিল্পীগন মূক মঞ্চস্থ করে নাটক কোজাগরী। সাম্প্রদায়িক সম্প্রীতির উপর রচিত এবং অভিনীত মূকাভিনয় নাটক কোজাগরী বিশিষ্ট মূকাভিনেতা শাশ্বত বিশ্বাসের নির্দেশনায় সমবেত দর্শক সাধারণের মনের মণিকোঠায় স্থান করে নেয়।

দীর্ঘ ১৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন
সবিতা অ্যাড এজেন্সি
বিজ্ঞাপনী অডিও প্রচারের জন্য যোগাযোগ করুন...
M. 9474743020

মন ভরানো হাসির শর্ট ফিল্মস্, ওয়েব সিরিজ দেখার জন্য স্ক্যান করুন আমাদের এই কোডে অথবা ইউটিউবে সার্চ করুন
www.youtube.com/@monalisafilms5673
বিভিন্ন চরিত্রে অভিনয়ের জন্য সত্ত্বর যোগাযোগ করুন— ৯৭৩৩০৮৭৬২৬
মোনালিসা ফিল্মস্ বনগাঁ

নিজ কারখানায় প্রস্তুত ৩০ বৎসরের ওয়ারেন্টি যুক্ত কাঠের ফার্ণিচারের জন্য Mob. : 9733087626
মোনালিসা ফার্ণিচার



# অভয় লায়ন্স-এর ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন শ্যামনগরের শুভদীপ ইলেক্ট্রিক

নীরেশ ভৌমিক ঃ গত ১০ ও ১১ ফেব্রয়ারি দুদিন ব্যাপী এক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে চাঁদপাড়ার ঐতিহ্যবাহী অভয় লায়ন্স ক্লাব। বিভিন্ন জেলার ৮টি দল টুর্নামেন্টে অংশগ্রহন করে। দ্বিতীয় দিন অপরাহ্নে চূড়ান্ত পর্বের খেলায় ওম সাঁইবাবা কলকাতা টিমকে ৬৫ রানে পরাস্ত করে টুর্নামেন্টের সেরার শিরোপা লাভ করে শ্যামনগরের শুভদীপ ইলেক্ট্রিক। টুর্নামেন্টের আয়োজক অভয় লায়ন্স ক্লাবের সকল সদস্য খেলোয়াড় ও দর্শক সাধারনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাতে মাঠে আসেন গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাক্‌চি, চাঁদপাড়ার প্রধান দীপক দাস, উপ-প্রধান বৈশাখী বর (বিশ্বাস), স্থানীয় পঞ্চায়েত সদস্য উত্তম সাহা, ক্রীড়া প্রেমী মনতোষ সাহা, প্রবীর রায় প্রমুখ। ফাইনাল খেলার প্রাক্কালে মাঠে আসেন বনগাঁ দক্ষিনের বিধায়ক স্বপন মজুমদার। ট্রফি সহ উদ্যোক্তাদের সাথে মাঠ প্রদক্ষিনে অংশ নেন বিধায়ক শ্রী মজুমদার।



বিধায়ক স্বপনবাবু নিয়মিত খেলা ধুলো ও শরীরচর্চার গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরে বক্তব্য রাখেন। উদ্যোক্তাদের আয়োজনে সাড়া দিয়ে খেলাধুলোর প্রসারে ও খেলার মাঠ সংস্কারে স্বপনবাবু তাঁর বিধায়ক উন্নয়ন তহবিল থেকে অর্থ বরাদ্দের আশ্বাস দেন। খেলা শেষে বিজয়ী ও বিজিত দলের অধিনায়কের হাতে যথাক্রমে সুদৃশ্য ট্রপি ও নগদ ৫০ হাজার টাকা এবং ৩০,০০১ টাকা প্রদান করা হয়। এছাড়া বিভিন্ন খেলায় ম্যান অফ দ্য ম্যাচ, ম্যান অফ দ্য টুর্নামেন্ট ছাড়াও বিভিন্ন দিকে সেরা খেলোয়াড় গনকে আকর্ষনীয় পুরস্কার প্রদান করা হয়। মাঠভর্তি দর্শক টুর্নামেন্টের সমস্ত খেলাগুলি ও চিয়ার গার্লসদের নৃত্যশৈলী বেশ উপভোগ করেন। অভয় লায়স ক্লাব আয়োজিত এই টুর্নামেন্টকে সার্থক করে তুলতে স্থানীয় বাজার ব্যবসায়ি সহ ক্রীড়াপ্রেমী মানুষজন সহযোগিতার হাত বাড়িয়ে দেন।

# সাড়ম্বরে অনুষ্ঠিত গাইঘাটা ব্লক ক্রীড়া প্রতিযোগিতা

নীরেশ ভৌমিক ঃ গাইঘাটা ব্লকে জোনাল স্পোর্টস এ্যাসোসিয়েশনের পরিচালনায় এবং গাইঘাটা পঞ্চায়েত সমিতি ও ব্লক প্রশাসনের সহযোগিতায় ব্যাডমিন্টন, ফুটবল টুর্নামেন্টের পর গত ১১ ফেব্রুয়ারি মহাসমারোহে অনুষ্ঠিত হয় অ্যাথলেটিক্স মিট ও যোগাসন প্রতিযোগিতা। ১১ ফেব্রুয়ারি সকালে চাঁদপাড়া মিলন সংঘ ময়দানে জাতীয় ও সংগঠনের পতাকা উত্তোলন, সমবেত প্রতিযোগীগনের মাঠ প্রদক্ষিন, শপথ বাক্য পাঠের মধ্য দিয়ে শুরু হয় অ্যাথলেটিক্স মিট। উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট জনদের মধ্যে ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা



বাকচি, চাঁদপাড়া গ্রাম পঞ্চায়েত প্রধান দীপক দাস, উপ-প্রধান বৈশাখী বর, প্রাক্তন প্রধান মনিমালা বিশ্বাস, সদস্য চামেলী বিশ্বাস, ছিলেন ক্রীড়া মোদী বর্ষিয়ান অবনী বিশ্বাস, অর্জুন মল্লিক প্রমুখ। বিশিষ্টজনেরা তাঁদের বক্তব্যে খেলাধূলো ও নিয়মিত শরীর চর্চার গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। ব্লক স্পোর্টস এ্যাসোসিয়েশনের সম্পাদক মনিমোহন দাস উপস্থিত সকল বিশিষ্টজন ও ক্রীড়া সংগঠকগনকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। আসেন ব্লকের নবাগত বিডিও নীলাদ্রী সরকার। ব্লকের বিভিন্ন অঞ্চল থেকে আসা প্রতিযোগীগন দৌড়, রিলেরেস, লং-জাম্প, হাই-জাম্প, সটপাট, ডিস্‌কাস্ নিক্ষেপ এবং সেই সঙ্গে যোগাসন সহ মোট ৩৫টি প্রতিযোগিতায় অংশ নেয়।

অপরাহ্নে প্রতিযোগিতা শেষে সফল প্রতিযোগীগনের হাতে পুরস্কার ও শংসাপত্র তুলে দিয়ে শুভেচ্ছা জানান উপস্থিত বিশিষ্টজনেরা। এদিনের ক্রীড়া প্রতিযোগিতাকে সার্থক করে তুলতে সহযোগিতার হাত বাড়িয়ে দেন এ্যাসোসিয়েশনের সহ-সভাপতি সমীরন সানা, সহ-সম্পাদক শচীন্দ্রনাথ ঢালী, সদস্য অসীম বর, তপন সাহা, প্রভাষ বিশ্বাস, স্বপন মল্লিক, ক্রীড়া সংগঠক বাদল বিশ্বাস, মঙ্গল বিশ্বাস, কানু পাঠক, শিক্ষক সুশান্ত বিশ্বাস, রামকৃষ্ণ মজুমদার প্রমুখ। সকলের আন্তরিক প্রয়াসে এদিনের ক্রীড়া প্রতিযোগিতা সার্থকতা লাভ করে। প্রতিযোগিতাকে ঘিরে ব্লকের বিভিন্ন গ্রাম থেকে আসা প্রতিযোগীগনের মধ্যে বেশ উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়।




সম্পর্ক গড়ে
নিউ পি. সি. জুয়েলার্স
HALL MARK
হলমার্ক গহনা ও গ্রহরত্ন

১। আমাদের এখানে রয়েছে হাল্কা, ভারী আধুনিক ডিজাইনের গহনার বিপুল সম্ভার।
২। আমাদের মজুরী সবার থেকে কম। আপনি আপনার স্বপ্নের সাধের গহনা ক্রয় করতে পারবেন সামান্য মজুরীর বিনিময়ে।
৩। আমাদের নিজস্ব জুয়েলারী কারখানায় সুদক্ষ কারিগর দ্বারা অত্যাধুনিক ডিজাইনের গহনা প্রস্তুত ও সরবরাহ করা হয়।
৪। পুরানো সোনার পরিবর্তে হলমার্ক যুক্ত গহনা ক্রয়ের সুব্যবস্থা আছে।
৫। আমাদের এখানে পুরাতন সোনা ক্রয়ের ব্যবস্থা আছে। আধার কার্ড ও ব্যাঙ্ক ডিটেলস নিয়ে শোরুমে এসে যোগাযোগ করুন।
৬। আমাদের শোরুমে সব ধরণের আসল গ্রহরত্ন বিক্রয় করা হয় এবং জিয়োলজিক্যাল সার্ভে অব্ ইন্ডিয়া দ্বারা টেস্টিং কার্ড গ্রহরত্নের সঙ্গে সরবরাহ করা হয় এবং ব্যবহার করার পর ফেরত মূল্য পাওয়া যায়। হোলসেলেরও ব্যবস্থা আছে।
৭। সর্বধর্মের মানুষের জন্য নিউ পি সি জুয়েলার্স নিয়ে আসছে ২৫০০ টাকার মধ্যে সোনার জুয়েলারী ও ২০০ টাকার মধ্যে রূপার জুয়েলারী, যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশি করতে পারবেন।
৮। প্রতিটি কেনাকাটার ওপর থাকছে নিউ পি সি অপটিক্যাল গিফ্‌ট ভাউচার।
৯। কলকাতার দরে সব ধরনের সোনার ও রূপার জুয়েলারী হোলসেল বিক্রয়ের ব্যবস্থা আছে।
১০। সোনার গহনা মানেই নিউ পি সি জুয়েলার্স।
১১। আমাদের এখানে বসছেন স্বনামধন্য জ্যোতিষী ওম প্রকাশ শর্মা, সপ্তাহে একদিন— বৃহস্পতিবার।
১২। নিউ পি সি জুয়েলার্স ফ্রান্সচাইজি নিতে আগ্রহীরা যোগাযোগ করুন। আমরা এক মাসের মধ্যে আপনার শোরুম শুরু করার সব রকম কাজ করে দেবো। যাদের জুয়েলারী সম্পর্কে অভিজ্ঞতা নেই, তারাও যোগাযোগ করুন। আমরা সবরকম সাহায্য করবো। শোরুমের জায়গার বিবরণ সহ আগ্রহীরা বর্তমানে কী কাজের সঙ্গে যুক্ত এবং আইটি ফাইলের তথ্যাদি নিয়ে যোগাযোগ করুন।
১৩। জুয়েলারী সংক্রান্ত ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন পুরুষ সেলসম্যান চাকুরীর জন্য Biodata ও সমস্ত প্রমাণপত্র সহ যোগাযোগ করুন দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৪। সিকিউরিটি সংক্রান্ত চাকুরীর জন্য পুরুষ ও মহিলা উভয়ে যোগাযোগ করুন। বন্দুক সহ ও খালি হাতে। সময় দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৫। অভিজ্ঞ কারিগররা কাজের জন্য যোগাযোগ করুন।
১৬। Employee ও কারিগরদের জন্য ESI ও PF এর ব্যবস্থা আছে।
১৭। অভিজ্ঞ জ্যোতিষিরা ডিগ্রী ও সমস্ত ধরণের Documents সহ যোগাযোগ করুন।
১৮। দেওয়াল লিখন ও হোর্ডিংয়ের জন্য আমাদের শোরুমে এসে যোগাযোগ করুন।
১৯। আমাদের সমস্ত শোরুম প্রতিদিন খোলা।
২০। Website : www.newpcjewellers.com
২১। e-mail : npcjewellers@gmail.com

নিউ পি. সি. জুয়েলার্স
বাটার মোড়, বনগাঁ
(বনশ্রী সিনেমা হলের সামনে)

নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ
বাটার মোড়, বনগাঁ
(কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)

নিউ পি. সি. জুয়েলার্স বিউটি
মতিগঞ্জ, হাটখোলা,
বনগাঁ, উত্তর ২৪ পরগনা

এন পি.সি. অপটিক্যাল



১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৪। **চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার বাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে। যোগাযোগ করতে পারেন 8967028106 নম্বরে।**
৫। আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।

বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ


# সিঁধ কেটে ঘরে ঢুকে বউকে আক্রমণ স্বামীর

প্রতিনিধি ঃ সিঁধ কেটে শ্বশুর বাড়ির ঘরে ঢুকে নিজের স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কোপানোর অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বাগদা থানার কাশিপুর মধ্যপাড়া এলাকায়। ওই ঘটনায় আক্রান্ত স্ত্রী পায়েল বিশ্বাস বাগদা থানায় অভিযোগ দায়ের করেছেন। পুলিশ জানিয়েছে, অভিযুক্ত গৌতম বিশ্বাস পলাতক। তার খোঁজ চলছে। পুলিশ ও গ্রামবাসীরা জানিয়েছেন, আট বছর আগে বাগদার কাশীপুরের বাসিন্দা পায়েল দেবীর সঙ্গে গোপালনগর এর অমরপুরের বাসিন্দা গৌতম বিশ্বাস এর বিয়ে হয়। অভিযোগ, বিয়ের পর থেকে বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য স্ত্রীর উপর অত্যাচার করত গৌতম। সে কারণে মাস দুয়েক আগে পায়েল দুই সন্তানকে নিয়ে বাপের বাড়িতে এসে বসবাস শুরু করে। দিন কয়েক আগে রাত সাড়ে বারোটা নাগাদ পায়েল দেবী ঘুম থেকে জল খেতে ওঠেন। মোবাইলের আলো জ্বালাতেই তিনি দেখেন, ঘরের খাটের তলা থেকে ছুরি হাতে বেরিয়ে আসে তার স্বামী। অভিযোগ, ওই ধারালো ছুরি দিয়ে স্ত্রীকে কোপাতে থাকেন তিনি। তার চিৎকার শুনে পরিবারের অন্যান্য সদস্যরা চলে আসেন। বাইক ফেলে পালিয়ে যায় গৌতম। পায়েলের হাতে এবং পায়ে আঘাত লাগে। তাকে বাগদা গ্রামীণ হাসপাতালে চিকিৎসা করানো হয়। পায়েলের বাপের বাড়িতে রান্নাঘরটি কাঁচা ও টিনের। সেখান থেকেই সিঁধ কেটে গৌতম পাকা ঘরের মধ্যে ঢুকেছিল। পায়েল বলেন, 'বিয়ের পর থেকে বাবা বহু টাকা দিয়েছেন। কিংবা আমার স্বামীকে বিদেশেও কাজে পাঠিয়েছিলেন। তারপরেও ও টাকার দাবি করত। মারধর করতো। সে কারণেই বাপের বাড়ি চলে এসেছিলাম। এভাবে সিঁধ কেটে ঢুকে আক্রমণ করবে ভাবতেই পারিনি। আমি ওর শাস্তি চাই।

## নাবালিকা ধর্ষণ

প্রথমপাতার পর...

স্থানীয় প্রশাসনের উচিত তাদের পাশে দাঁড়ানো। আমরা পরিবারের সাথে কথা বললাম, পরবর্তী আইনি পদক্ষেপ কি করা যায় সেটা আলোচনা করব। পরিবারের অভিযোগ, অভিযুক্ত তৃণমূল আশ্রিত। সেই কারণে জামিনের পর থেকে সে বিভিন্ন রকম ভাবে চাপ সৃষ্টি করছে এবং তাদেরকে হুমকিও দিচ্ছে। প্রসঙ্গত ২০২৩ সালের এপ্রিল মাসে এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠেছিল তার প্রতিবেশী মামার বিরুদ্ধে। মেয়ের কাছ থেকে ঘটনা জানতে পেরে পরিবারের সদ্যসরা থানায় অভিযোগ জানিয়ে অভিযুক্তকে পুলিশের হাতে তুলে দেয়। তারপর থেকে সাত মাস জেল হেফাজতে থাকার পর বর্তমানে জামিনে মুক্ত রয়েছে। এরপর থেকে অভিযোগ তুলে নেওয়ার জন্য পরিবারের উপর চাপ সৃষ্টি করতে থাকে অভিযুক্ত।


নিজ কারখানায় প্রস্তুত ১২ বৎসরের ওয়ারেন্টি যুক্ত স্টীল ফার্ণিচারের জন্য যোগাযোগ করুন— Mob. : 9733087626
টাইগার স্টীল ফার্ণিচার




Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - **9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084**
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**